শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-১

নং-২২.০০.০০০০.০৭২.১১.০১০.১৯-১৬০

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ।
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২০.০৫.২০১৯ খ্রিঃ তারিখের ৮০.১১০.০১১.০০.০০.০০৫.২০১৯-৮১ সংখ্যক স্মারকের সুপারিশক্রমে নিম্নে বর্ণিত প্রার্থীকে নামের পাশে বর্ণিত পদবী অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) (১ম শ্রেণী) পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী (২২০০০-৫৩০৬০/-) ৯ম গ্রেডে নিম্নলিখিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর নাম ও রেজি: নং | পদের নাম | পিতার নাম | মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ০৮. | লোভানা জামিল<br>০০৯৯৪২ | সহকারী পরিচালক (কারিগরী | মো: হাসান জামিল | সাহেদা বেগম | গ্রাম: গৌরীপুর (সজবরখিলা মসজিদের পিছনে), পো: শেরপুর, উপ: শেরপুর সদর, জেলা: শেরপুর। |

০২। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হবে:

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হলে, কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) The Government Servants (Conduct) Rules, 1979-এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঘ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(ঙ) নিয়োগের পরবর্তীকালে যে কোন সময়ে প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত সরকারি বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ছ) চাকুরিতে জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে;

(জ) যদি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না; এবং

(ঞ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিকভাতা পাবেন না।

০৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে, **আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের** মধ্যে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদান করার জন্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত:
তারিখ: ২১/০৯/২০২০
(জিয়াউল হাসান এনডিসি)
সচিব

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

নং-২২.০০.০০০০.০৭২.১১.০১০.১৯-১৬০

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ।
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। জনাব লোভানা জামিল, পিতা: মো: হাসান জামিল, গ্রাম: গৌরীপুর (সজবরখিলা মসজিদের পিছনে), পো: শেরপুর, উপ: শেরপুর সদর, জেলা: শেরপুর।

২১/০৯/২০২০

(মো: লুৎফর রহমান)
উপসচিব
☎: ৯৫৪০১৪১
E-mail: lutfor15227@gmail.com